বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০২.০০০০.৩২২.০৬.০০২(অংশ-১).০৮-৫৬৩ তারিখ: ০৫-০৭-২০২২ইং

## অফিস আদেশ

বিষয়ঃ **ভেরিয়েশন অর্ডার প্রণয়ন ও প্রশাসনিক অনুমোদন প্রসংগে**।

সূত্রঃ স্মারক নং-৪৬.০২.৫৪০০.১৭৫.১৪.১৩৯.২১.৯৪৭, তারিখঃ ২০/০৬/২০২২ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পিপিআর-২০০৮ এর বিধি ৮০(৩) অনুসারে "অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কোন অবস্থাতেই কোন ঠিকাদার ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশের অধীন কোনরূপ কার্য-সম্পাদনের উদ্যোগ গ্রহণ করিবে না।"

পিপিআর-২০০৮ এর বিধি ৮০(৪) অনুসারে "উপ-বিধি (৩) এর ব্যতিক্রম হিসাবে, তহবিলের সংস্থান থাকা সাপেক্ষে ক্রয়কারী কার্যালয় প্রধান কোন ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত কার্যাদেশের অধীন নিম্নবর্ণিত যে কোন শর্তে অনতিবিলম্বে কার্য-সম্পাদন শুরু করার আদেশ প্রদান করিতে পারিবেঃ (ক) জরুরী ভিত্তিতে কার্য-সম্পাদন শুরু করা না হইলে যদি জনসেবা (public service) বিঘ্নিত হইবার বা জীবন ও সম্পত্তি বা উভয়ের ক্ষতির আশঙ্কা থাকে; বা (খ) সময় যখন মুখ্য বিবেচ্য-তবে শর্ত থাকে যে,- (অ) সংশ্লিষ্ট সময় পর্যন্ত অনুমোদিত হয় নাই প্রকল্পের এইরূপ কার্য মূল্যের ক্রমপুঞ্জিত বৃদ্ধির পরিমাণ, মূল চুক্তি মূল্যের ১০% মধ্যে সীমিত থাকিবে; এবং (আ) কার্য শুরুর অব্যবহিত পরে এই ধরনের ভেরিয়েশন অর্ডার বা অতিরিক্ত আদেশ প্রণয়ন করিয়া বিধি ৩৬ অনুসারে যথাযথ কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য দাখিল করিতে হইবে"।

উল্লেখ্য ভেরিয়েশন অর্ডার জারী করার ক্ষেত্রে প্রশাসনিক অনুমোদনের কোন আবশ্যকতা/বাধ্যবাধকতা নেই।

এমতাবস্থায়, **সকল প্রকার ভেরিয়েশন অর্ডার প্রস্তুতের জন্য নিরুৎসাহিত করা হচ্ছে**, তবে কাজ সম্পাদনের জন্য ভেরিয়েশন অত্যাবশ্যকীয় হলে পিপিআর-২০০৮ এর সংশ্লিষ্ট বিধি ও চুক্তি দলিলের সংশ্লিষ্ট ধারা অনুসরণপূর্বক দ্রুত নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করা হলো।

৫.০৭.২০২২

**(সেখ মোহাম্মদ মহসিন)**
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২-৫৮১৫২৮০২
ই-মেইলঃ ce@lged.gov.bd

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি।
৩। প্রকল্প পরিচালক (সকল), এলজিইডি।
৪। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ ..............................।
৫। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ....................উপজেলা, জেলাঃ ........................।